

কর্মসম্পাদনের সার্বিক চিত্র

সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

কুমিল্লা জেলা কার্যালয়ধীন, তিতাস উপজেলা কার্যালয়ের মাধ্যমে বিভিন্ন কোর্সে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক (আবাসিক ও অনাবাসিক) প্রশিক্ষণ প্রদান ১,০৫০ জনকে, প্রশিক্ষণোত্তর ১২৯ জন যুব/যুবমহিলা ঋণ বিতরণ করা হয়েছে এবং যুব ও যুবমহিলাকে আত্মকর্মসংস্থান প্রকল্প গ্রহণের মাধ্যমে আত্মকর্মী করা হয়েছে ২১৮ জনকে।

সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ যুব জনসংখ্যা ক্রমবর্ধমান; এ ক্রমবর্ধমান যুবসংখ্যাকে যুবশক্তিতে রূপান্তর করা একটি চ্যালেঞ্জ। দেশের যুবশক্তিকে আত্মকর্মী হিসেবে গড়ে তোলাসহ আন্তর্জাতিক শ্রম বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ ট্রেড নির্বাচন, প্রশিক্ষণ প্রদান এবং প্রশিক্ষিত যুবদের প্রয়োজনীয় সহায়তা দিয়ে দক্ষ যুবশক্তি হিসেবে রপ্তানি করা একটি চ্যালেঞ্জ।

ভবিষ্যৎ পরিকল্পনাঃ শিক্ষিত বেকার যুবদের অস্থায়ী কর্মসংস্থানের জন্য সারাদেশে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি কার্যক্রম সম্প্রসারণ করা হবে। দেশ বিদেশের চাহিদা অনুযায়ী নতুন নতুন প্রকল্প/কর্মসূচি গ্রহণ করে যুবদের প্রশিক্ষণ প্রদান করা হবে। সমাজ বিরোধী কর্মকান্ড প্রতিরোধে যুবদের সম্পৃক্তকরণের মাধ্যমে জনসচেতনতা সৃষ্টি করা হবে। ই-ল্যানিং প্রক্রিয়ায় মুক্তপাঠের মাধ্যমে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রমে যুবদের অধিকহারে সম্পৃক্ত করা হবে। আত্মকর্মীদের মধ্য থেকে উদ্যোগ সৃষ্টি করা হবে।

২০২৪-২০২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ

দেশ বিদেশে কর্মসংস্থানের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক ট্রেডে মোট ৪২০ জন যুবক/যুবমহিলাকে প্রশিক্ষণ প্রদান

প্রশিক্ষিত যুবদের মধ্যে ২০ জনকে ঋণ বিতরণের মাধ্যমে স্বাবলম্বী করা।

প্রান্তিক জনগোষ্ঠীকে আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্তকরণে ৪০ জনকে ঋণ সহায়তা প্রদান।

আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প স্থাপন ও সম্প্রসারণপূর্বক ২১ জন আত্মকর্মী সৃজন।

জনসচেতনতামূলক ০১টি সভা আয়োজন।

০১টি যুব সংগঠন নিবন্ধন।